




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ পরিবহন অধিদপ্তর
১৪১-১৪৩, মতিঝিল বা/এ (৮-মতলা)
ঢাকা-১০০০
ফোনঃ ৯৫১৩৩০৫, ই-মেইলঃ info@dos.gov.bd



নং: ১৮.১৭.০০০০.০০৮.২৩.০০১.২০/২৬২০

তারিখঃ ২৩-০৩-২০২১খ্রিঃ

বিষয়ঃ আগামী ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ নৌপরিবহন অধিদপ্তর ও বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ এর সহযোগিতায় উদযাপনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : কমডোর এ জেড এম জালাল উদ্দিন(সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিন
মহাপরিচালক
নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
তারিখ : ২৩-০৩-২০২১খ্রিঃ
সময় : সকাল ১০.০০ মিঃ
স্থান : নৌ পরিবহন অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

“উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা ও মহান মুক্তিযুদ্ধে সকল শহীদ বীর মুক্তিযোদ্ধার আত্মত্যাগ শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি সকল বীর মুক্তিযোদ্ধাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

তিনি বলেন, মহান স্বাধীনতা সুবর্ণ জয়ন্তীতে আসন্ন ২৫ মার্চ ২০২১ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন অনুষ্ঠানটি নৌপরিবহন অধিদপ্তর ও বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ এর সহযোগিতায় বিআইডব্লিউটিএ এর সম্মেলন কক্ষে ২৬ মার্চ ২০২১খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে কোভিড-১৯ এর কারণে স্বাস্থ্যবিধি মেনে নৌপরিবহন মন্ত্রণালয়, নৌপরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ, জাতীয় নদী রক্ষা কমিশন, বিআইডব্লিউটিএ এবং স্থল বন্দর কর্তৃপক্ষের কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন। উক্ত সভায় নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে প্রধান অতিথি এবং সচিব মহোদয়কে সভাপতি হিসেবে উপস্থিত থাকতে আমন্ত্রণ জানানো হবে।


সভাপতির অনুমতিক্রমে পরিচালক (উপসচিব) আগামী ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে গত বছরের কর্মসূচী এবং এ বছরের নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত এবং নির্দেশিত কর্মসূচী সম্পর্কে সবাইকে অবহিত করেন।

অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	তারিখ/সময়	সিদ্ধান্ত	বাস্তবায়নে-
১.	গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা	২৫-০৩-২০২১খ্রিঃ	নৌপরিবহন অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/ বীর মুক্তিযোদ্ধাদের কণ্ঠে ২৫ মার্চ গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা করতে হবে।	নৌপরিবহন অধিদপ্তরের আওতাধীন সকল মেরিন একাডেমী/ মেরিন ইন্সটিটিউট/শিক্ষা প্রতিষ্ঠান।
২.	গণহত্যার উপর প্রামাণ্য চিত্র	২৫-০৩-২০২১খ্রিঃ	নৌপরিবহন অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করবে।	নৌপরিবহন অধিদপ্তরের আওতাধীন সকল মেরিন একাডেমী/ মেরিন ইন্সটিটিউট/শিক্ষা প্রতিষ্ঠান।
৩.	মোনাজাত/প্রার্থনা	২৫-০৩-২০২১খ্রিঃ তারিখ বাদ জোহর/সুবিধাজনক সময়ে	নৌপরিবহন অধিদপ্তর এবং এর আওতাধীন সকল দপ্তর/ফিল্ড অফিস/সংস্থায় ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বাদ জোহর/ সুবিধাজনক সময়ে মোনাজাত/প্রার্থনার আয়োজন করবে।	পরিচালক/ চীফ এন্ড শিপ সার্ভেয়ার, নৌপজ/ প্রিন্সিপাল অফিসার, নৌবানিজ্য দপ্তর, চট্টগ্রাম/ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (সকল)/ শিপিং মাস্টার, সরকারী সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম/ মুখ্য পরিদর্শক, নৌপজ /পরিদর্শক (সকল)

8.	আলোচনা সভা	২৬-০৩-২০২১খ্রিঃ	ক) নৌপরিবহন অধিদপ্তর ও বিআইডব্লিউটিএ'র সহযোগিতায় বিআইডব্লিউটিএ'র সম্মেলন কক্ষে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীকে প্রধান অতিথি এবং সচিব মহোদয়কে সভাপতি করে ১০০ জন অতিথি নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।	নৌপরিবহন অধিদপ্তর ও বিআইডব্লিউটিএ
			(খ) উক্ত অনুষ্ঠানে সকাল ৯.৪৫মিঃ সময়ে স্বাস্থ্যবিধি মেনে অতিথিদের অভ্যর্থনা ও সভাপতি, প্রধান অতিথিসহ নৌপরিবহন মন্ত্রণালয়/ নৌপরিবহন অধিদপ্তর/ বিআইডব্লিউটিএ/ বিআইডব্লিউটিসি/ স্থল বন্দর কর্তৃপক্ষ/ জাতীয় নদী রক্ষা কমিশন এর অতিথিবৃন্দ আসন গ্রহণ করবেন। মূল আলোচক হিসেবে উপস্থিত থাকবেন সাংবাদিক ও মিডিয়া ব্যক্তিত্ব জনাব মঞ্জুরুল আহসান বুলবুলা।	নৌপরিবহন অধিদপ্তর ও বিআইডব্লিউটিএ এর সিনিয়র কর্মকর্তা
			গ) সকাল ১০.১০মিঃ বঙ্গবন্ধুর রাষ্ট্রচিন্তা, সাফল্য ও সাম্প্রতিক অর্জন শীর্ষক ডকুমেন্টারী চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তর থেকে সংগ্রহ করে প্রদর্শন করা হবে।	বিআইডব্লিউটিএ এবং নৌপরিবহন অধিদপ্তরের ক্যাপ্টেন সাঈদ আহমেদ নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার/ ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমান, নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার/ জনাব শামীম উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (গঃ ও উঃ)
			ঘ) সকাল ১০.২০ মিঃ সময়ে কোরআন তেলওয়াত ও তরজমা অনুষ্ঠিত হবে।	পেশ ইমাম, বিআইডব্লিউটিএ
			ঙ) উপস্থিত আমন্ত্রিত অতিথিদের জন্য যথোপযুক্ত আপ্যায়নের ব্যবস্থা রাখার অনুরোধ করা হবে।	বিআইডব্লিউটিএ
			চ) সকাল ১০.২০মিঃ জাতীয় সংগীত পরিবেশন করা হবে এবং উপস্থিত সকলে দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করবে।	উপস্থিত সকলে
			ছ) উক্ত অনুষ্ঠানের দাওয়াত কার্ড ডিজিটালি প্রস্তুত করে সরাসরি, ই-মেইল, মোবাইল/ ফোনের মাধ্যমে নিশ্চিত করতে হবে এবং উক্ত অনুষ্ঠানে প্রয়োজনীয় ব্যানার প্রস্তুত ও মঞ্চার টেবিল সজ্জা করবে।	উপ-পরিচালক (শিপিং), নৌপরিবহন অধিদপ্তর
			জ) গেইটে প্রয়োজনীয় হ্যান্ড স্যানিটাইজার/মাস্ক রাখতে হবে।	জনাব রেজাউল হক, কো-অর্ডিনেটর
			ঝ) উক্ত অনুষ্ঠানে উপস্থাপন করবেন জনাব বেলাল হোসাইন প্রসিকিউটিং অফিসার, নৌপরিবহন অধিদপ্তর।	প্রসিকিউটিং অফিসার, নৌপরিবহন অধিদপ্তর।
			ঞ) বিআইডব্লিউটিএ এর সম্মেলন কক্ষের সাজসজ্জা, জুমে উপস্থিতি নিশ্চিতকরণ ও প্রজেক্টর ব্যবস্থা এবং সাউন্ট সিস্টেম সক্রিয় রাখার ব্যবস্থা করার জন্য বিআইডব্লিউটিএ কে অনুরোধ করা হবে।	বিআইডব্লিউটিএ এবং সহযোগিতায় নৌপরিবহন অধিদপ্তরের উপপরিচালক (গঃ ও উঃ), পরিসংখ্যান কর্মকর্তা, সহকারী পরিচালক।
৫	জাতীয় পতাকা উত্তোলন	২৬-০৩-২০২১খ্রিঃ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে	নৌপরিবহন অধিদপ্তর এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ভবনে সূর্যোদয়ের সাথে সাথে বিধি অনুসারে জাতীয় পতাকা উত্তোলন করা হবে।	অধিদপ্তর এবং এর আওতাধীন সকল দপ্তর/ সংস্থা।
		২৬-০৩-২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা থেকে	ক) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উপলক্ষে ভবন/স্থাপনাগুলোতে আলোক সজ্জা করবে এবং কোনোক্রমেই ২৫-০৩-২০২১খ্রিঃ তারিখ আলোকসজ্জা করা যাবে না।	নৌপরিবহন অধিদপ্তর ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা (যাদের নিজস্ব ভবন রয়েছে)

			(খ) বিভিন্ন নৌযানসমূহে জাতীয় পতাকা দ্বারা সজ্জিত করবে।	চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার/ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (সকল)/মুখ্য পরিদর্শক/পরিদর্শক (সকল)
৬.	দেশাত্তবোধক সংগীত	২৬-০৩-২০২১খ্রিঃ	বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি এবং নৌপরিবহন অধিদপ্তর যুগ্মভাবে সদরঘাট হতে আশুলিয়া পর্যন্ত নৌপথে বিশিষ্ট শিল্পীগণের অংশগ্রহণে দেশাত্তবোধক সংগীত অনুষ্ঠান আয়োজনে অত্র অধিদপ্তর থেকে সার্বিকভাবে সার্বিক সহযোগিতা করা হবে।	ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, সদরঘাট, ঢাকা।



 কমডোর এ জেড এম জালাল উদ্দিন
 (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিন
 মহাপরিচালক

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। চীফ নটিক্যাল সার্ভেয়ার, প্রকল্প পরিচালক, EGMINSS প্রকল্প, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ২। চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, সিজিও ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, হিসাব ভবন, ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
- ৫। নটিক্যাল সার্ভেয়ার, (মেরিটাইম সিকিউরিটি), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৬। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, ঢাকা/নারায়নগঞ্জ/বরিশাল ও খুলনা।
- ৭। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, আঞ্চলিক নৌযান সার্ভে এন্ড রেজিস্ট্রেশন/পরিদর্শন অফিস, ভৈরব, কিশোরগঞ্জ/চাঁদপুর/ চট্টগ্রাম।
- ৮। নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৯। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, বাড়ী #৬২, রোড নং #৩, নাসিরাবাদ হাউজিং সোসাইটি, চট্টগ্রাম।
- ১০। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ১১। শিপিং মাস্টার, সরকারী শিপিং অফিস, সিজিও ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ১২। উপ-পরিচালক (গঃউঃ), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ১৩। উপ-পরিচালক (শিপিং), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ১৪। মুখ্য পরিদর্শক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ১৫। পরিসংখ্যান কর্মকর্তা, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ১৬। প্রসিকিউটিং অফিসার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ১৭। কো- অর্ডিনেটর , ফিল্ড ইউনিট অফিস, নৌপরিবহন অধিদপ্তর, নারায়নগঞ্জ/খুলনা/ চট্টগ্রাম।
- ১৮। সহকারী কমিষ্ট, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ১৯। পরিদর্শক, অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়, ঢাকা/নারায়নগঞ্জ/ বরিশাল/ খুলনা/চাঁদপুর/চট্টগ্রাম।
- ২০। পরিদর্শক, আঞ্চলিক নৌযান সার্ভে এন্ড রেজিস্ট্রেশন/পরিদর্শন অফিস, কক্সবাজার/রাজশাহী/পটুয়াখালী/ভৈরব, কিশোরগঞ্জ /ভোলা /রাঙ্গামাটি /সুনামগঞ্জ/ চামড়াবন্দর, কিশোরগঞ্জ/ মোংলা, বাগেরহাট/ চট্টগ্রাম।
- ২১। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ২২। সহকারী পরিচালক (কমন), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ২৩। সহকারী পরিচালক (প্রঃ) নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

- ১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।


 (বদরুল হাসান লিটন)
 পরিচালক (উপসচিব)